[redacted]

[redacted]

করোনায় মৃত্যু ছাড়াল ১০ লাখ

চীনে প্রথম সংক্রমণ শনাক্ত হওয়ার এক বছরেরও কম সময়ের মধ্যে বিশ্বজুড়ে করোনায় প্রাণহানির সংখ্যা ১০ লাখ ছাড়িয়ে গেছে। রোববার প্রাণঘাতী এই ভাইরাসে মৃত্যু ১০ লাখ ছাড়িয়ে গেছে বলে ফরাসী বার্তাসংস্থা এএফপির এক প্রতিবেদনে জানানো হয়েছে।

বিশ্ব অর্থনীতিকে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাওয়া করোনা মহামারি ভূরাজনৈতিক উত্তেজনা বৃদ্ধি, লাখ লাখ মানুষের প্রাণহানির কারণ হয়ে দাঁড়িয়েছে। করোনার তাণ্ডব চলছে ভারতের বস্তি থেকে ব্রাজিলের গহীন অরণ্য অ্যামাজন ও আমেরিকার বৃহত্তম শহর নিউইয়র্কেও। করোনার ভয়াল ছোবল থেকে রেহাই মিলছে না কারও।

মহামারির বিধি-নিষেধ মানুষকে ঘরবন্দি হতে বাধ্য করায় থমকে গেছে বিশ্বের বড় বড় সব ক্রীড়া, বিনোদন অনুষ্ঠান। করোনার বিস্তার ঠেকাতে দেশে দেশে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি হওয়ায় ভ্রমণপীপাসুরাও আটকা রয়েছেন চার দেয়ালের মাঝে।

করোনাভাইরাসের বিস্তারের গতি ধীর করতে গত এপ্রিলে মানবজাতির অর্ধেক অর্থাৎ প্রায় ৪০০ কোটি মানুষ লকডাউনের বেড়াজালে আটকা পড়েন। লকডাউনের বিধি-নিষেধ শিথিল কিংবা প্রত্যাহার করে নেয়ার পর বিশ্বজুড়ে আবারও এই ভাইরাসের প্রকোপ বেড়েছে, বেড়েছে প্রাণহানিও।

সোমবার ফরাসী বার্তাসংস্থা এএফপির এক পরিসংখ্যানে বলা হয়েছে, রোববার আন্তর্জাতিক সময় রাত সাড়ে ১০টায় বিশ্বজুড়ে করোনায় প্রাণহানির সংখ্যা ১০ লাখ ৯ জনে পৌঁছায়। এছাড়া এই সময়ে আক্রান্ত রোগীর সংখ্যা ৩ কোটি ৩০ লাখ ১৮ হাজার ৮৭৭ জনে দাঁড়ায়।

বিশ্বে এখন পর্যন্ত করোনায় সবচেয়ে ক্ষতিগ্রস্থ যুক্তরাষ্ট্র; দেশটিতে করোনার সংক্রমণ দ্রুতগতিতে আবারও বাড়তে শুরু করেছে। রোববার জন হপকিন্স বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বলছে, দেশটিতে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ৭০ লাখ ৭৮ হাজার ছাড়িয়েছে। এতে মারা গেছেন ২ লাখ ৯ হাজারের বেশি।

যুক্তরাষ্ট্রের পর করোনায় প্রাণহানির শীর্ষে আছে ব্রাজিল (১ লাখ ৪১ হাজার ৭৭৬ জন), ভারত (৯৫ হাজার ৫৭৪ জন), মেক্সিকো (৭৬ হাজার ৪৩০ জন) ও ব্রিটেন (৪৬ হাজার ৭০৬ জন)।

ভাইরাস। তবে এর উৎপত্তি নিয়ে এখনও অস্পষ্টতা থাকলেও অনেক বিজ্ঞানী বলছেন, বাদুড়ের শরীর থেকে অন্য কোনও স্তন্যপায়ী প্রাণী হয়ে মানুষের দেহে ভাইরাসটি ছড়িয়েছে।

উহানে এই ভাইরাস শনাক্ত হওয়ার পর জানুয়ারিতে কঠোর লকডাউন জারি করা হয়। গত ১১ মার্চ বিশ্বের শতাধিক দেশে ছড়িয়ে পড়ার পর বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনাভাইরাস মহামারি ঘোষণা করে।

সূত্র- জাগো নিউজ২৪.কম

গাংনীতে শেখ হাসিনার জন্মদিন পালিত

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও প্রধামন্ত্রী শেখ হাসিনার ৭৪তম পালন করছে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠন।

আজ সোমবার বেলা সাড়ে ১১টার দিকে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য দিয়ে কর্মসুচীর উদ্বোধন ঘোষণা করেন। এসময় কেক কাটা, আলোচনা সভা ও দো’আ মোনাজাতে শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করা হয়।

অনুষ্ঠানে সভপতিত্ব করেন গাংনী উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। উপস্থিত ছিলেন পৌর মেয়র আশরাফুল ইসলাম, আওয়ামী লীগ নেতা নবীর উদ্দীন ও ইউপি চেয়ারম্যানবৃন্দসহ স্থানীয় নেতৃবৃন্দ।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে জাতীয় পার্টি চেয়ারম্যানের অভিনন্দন

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিনে প্রাণঢালা অভিনন্দন জানিয়েছেন জাতীয় পার্টি চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের এমপি। আজ এক অভিনন্দন বার্তায় সরকার প্রধান শেখ হাসিনার সাফল্য, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেছেন।

অভিনন্দন বার্তায় জাতীয় পার্টি চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের আশা প্রকাশ করে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ কাঙ্খিত লক্ষ্যে এগিয়ে যাবে। তার নেতৃত্বে দেশের উন্নয়ন কর্মকান্ড আরো গতিশীল হবে। বাংলাদেশের গণতন্ত্র ও মানবাধিকার পরিস্থিতি আরো উন্নত হবে। অসাম্প্রদায়িক বাংলাদেশ থেকে চিরতরে বিতারিত হবে ক্ষুধা, দারিদ্র ও দুর্নীতি।

সূত্র- বিডি প্রতিদিন

হজমের সমস্যায় কাজে লাগান আদার টোটকা

আদায় রয়েছে এমন ঔষধিগুণ যা একাধিক রোগ মোকাবিলায় সাহায্য করে। আসুন এবার আদার আশ্চর্য স্বাস্থ্যগুণ সম্পর্কে সবিস্তারে জেনে নেওয়া যাক-

প্রতিদিন সকালে এক কাপ আদা চা খেলেই দূর হবে সর্দি, কাশি, জ্বর ও গা ব্যথা। একাধিক গবেষণায় দেখা গেছে, ব্যাক্টেরিয়া ঘটিত যে কোনও সংক্রমণ ঠেকাতে আদার রস খুবই কার্যকরী।

ওজন কমানোর ক্ষেত্রে মোক্ষম দাওয়াই হতে পারে আদা। আদা ক্যালরি

দ্রুত বার্ন করতে সক্ষম। তাছাড়া আদার রস কার্বোহাইড্রেট দ্রুত হজম করায়, মেটাবলিজম রেট বাড়ায়, ইনসুলিনের নিঃসরণ বাড়ায়। ফলে ওজন সহজেই নিয়ন্ত্রণে থাকে।

উচ্চ রক্তচাপের সমস্যা নিয়ন্ত্রণে রাখতে আদা অত্যন্ত কার্যকরী। এর জন্য প্রতিদিন ৭৫ থেকে ১০০ মিলিগ্রাম আদাই যথেষ্ট।

গরম পানির সঙ্গে আদা মিশিয়ে খেলে বাতের ব্যথাও কমে। একদল মার্কিন গবেষক দাবি করেন, আর্থ্রাইটিসের মতো সমস্যাও কমে যেতে পারে আদার রসে। এছাড়া হজমের সমস্যা, বুক জ্বালা বা গ্যাস অম্বলে আদা অত্যন্ত কার্যকরী।

আইন শৃংখলা অবনতির আশংকায় মেলেনি পুলিশি অনুমতি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র অভ্যন্তরীণ কোন্দল থাকায় বিবাদমান দুটি গ্রুপের একই দিনে পাল্টপাল্টি কর্মসূচিতে আইন শৃংখলা অবনতির আশংকায় মেলেনি পুলিশি অনুমতি।

রবিবার বিকালে দুটি গ্রুপের পাল্টপাল্টি কর্মসূচির ঘোষণা দেয়ায় উভয় পক্ষের মধ্যে দেখা দেয় উত্তেজনা। এ দিকে আইন শৃংখলা বিঘ্ন ঘটার আশংকায় রবিবার শহরে পুলিশি নজর দারী জোরদার করেছে স্থানীয় থানা পুলিশ। সেই সাথে থানা পুলিশ উভয় পক্ষকে একই দিনে অনুষ্ঠান করা থেকে বিরত থাকার পরামর্শ দিলে পরবর্তীতে দুটি গ্রুপই স্ব-স্ব প্রেস বিজ্ঞপ্তির মাধ্যেমে তাদের কর্মসূচি স্থগিত করেছেন।

জানা যায়, সম্প্রতি কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র কমিটি ভেঙ্গে দেয় জেলা বিএনপি। পরবর্তীতে সাবেক উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাককে আহ্বায়ক করে ৪১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে ফেসবুকে স্ট্যাটাস দিলে কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র মধ্যে দু’টি গ্রুপে বিভক্ত হয়ে পড়ে। এক গ্রুপের নের্তৃত্বে আসেন উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি সিরাজুল ইসলাম অপর গ্রুপের সদ্য আহ্বায়ক আব্দুর রাজ্জাক।

আহ্বায়ক কমিটি ফেসবুকে প্রচার হওয়ার পর গত ১১ মার্চ আহ্বায়ক কমিটি’র ৪জন যুগ্ন-সম্পাদকসহ ১৫জন পক্ষ পাতিত্বের অভিযোগ এনে পদত্যাগ করেন। বিষয়টি নিয়ে পদত্যাগীরা আহ্বায়ক কমিটি ভেঙ্গে পুনঃরায় কমিটি করার দাবীতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জুসহ কেন্দ্রীয় বিভিন্ন নেতাদের নিকট আবেদন করেন। অথচ এখনো এর কোন প্রতিকার পাননি বলে জানান।

এদিকে রবিবার বিকালে আহ্বয়াক কমিটি পূর্বের উপজেলা অফিস বর্জন করে স্থানীয় মেইন বাসস্ট্যাণ্ডে নতুন অফিস উদ্বোধন ও আলোচনা সভার জন্য জেলা নের্তৃবৃন্দের আমন্ত্রণ জানান। বিষয়টি জানতে পেরে অপর গ্রুপ রবিবার বিকাল ৩টায় জেলা নের্তৃবৃন্দের উপস্থিতিতে নতুন অফিস উদ্বোধনের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ, কালো পতাকা প্রদর্শন ও বিক্ষোভ মিছিলের ডাক দেয়। উভয় পক্ষই জেলা পুলিশের বিশেষ শাখায় অনুষ্ঠান কর্মসূচি করার জন্য আবেদন করেন।

আইন শৃংখলা অবনতির আশংকায় প্রশাসনের পক্ষ থেকে অনুমতি না পাওয়ায় দুগ্রুপের অনুষ্ঠান বাতিল করেন। বিষয়টি নিশ্চিত করেছেন দুগ্রুপের নের্তৃত্বদান কারীরা। উভয় পক্ষের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে প্রশাসনের অনুমতি না পাওয়ায় রবিবারের সকল কর্মসূচি বাতিল করা হয়েছে। পরবর্তীতে সুবিধামত সময়ে পরবর্তী কর্মসূচির তারিখ ঘোষণা করা হবে।
এ ঘটনায় উভয় পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলম জানান- আমি উভয় পক্ষের সাথে কথা বলেছি, তারা এখন অনুষ্ঠান করবেন না বলে জানিয়েছেন। এছাড়াও আইন শৃংখলা বজায় রাখতে শহরে পুলিশ তৎপরতা জোরদার করা হয়েছে।

নাঈমের মাল্টা এখন বাজারে

বাজারে

আলমডাঙ্গা উপজেলার প্রত্যন্ত চরপাড়া গ্রামে মাল্টা, পেয়ারা ও লেবুর আবাদ করে আত্মনির্ভরশীল হয়ে ওঠার এক অকল্পনীয় গল্প তৈরি করেছেন স্কুল শিক্ষক নাঈম হাসান। নাঈম হাসানের তৈরি এই বাস্তব গল্পের মাল্টা বাগানে গাছভর্তি এখন টাকা আর টাকা। ঝুলছে মাল্টা গাছে টাকা, পেয়ারা গাছে টাকা ও টাকা ঝুলছে লেবু গাছের ডালে ডালে। তিন বছর অক্লান্ত পরিশ্রম করে তিনি মাল্টার এই স্বপ্নের বাগান গড়ে তুলেছেন। এখন মণ মণ বিক্রি হচ্ছে মাল্টা, পেয়ারা ও লেবু।

রবিবার সরেজমিন উপজেলার একমাত্র মাল্টার বাগান দেখতে যান এই প্রতিবেদক। জামজামী ইউনিয়নের প্রান্তিক গ্রাম চরপাড়ার মাঠে গড়ে তোলা হয়েছে বিশালাকৃতির বাগান। বাগানটিকে চারদিক থেকে দেখভাল করছে চার থেকে পাঁচজন নিয়মিত শ্রমিক। বাগানের গাছে গাছে ঝুমঝুম করছে অগুনতি সবুজ মাল্টা ফল। খেতে সুমিষ্ট মাল্টার পাইকারী বাজার দর এখন কেজি প্রতি ১০০ টাকা। প্রতিদিন বাগান থেকে মনকে মাল্টা উঠানো হচ্ছে। স্থানীয় বাহনে তা চলে যাচ্ছে বাজারের খুচরা বিক্রেতাদের দোকানে।

বাগানের উদ্যেক্তা নাঈম হাসান জানান, তিনি একজন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তিনি এমনিতেই আর্থিকভাবে স্বাবলম্বী। প্রথমে কিছু দরিদ্র মানুষকে উপকার করতে মাল্টা, পেয়ারা ও লেবুর বাগান করার উদ্যেগ নেন তিনি। তিনি বলেন, এই বাগানকে ঘিরে চার-পাঁচটি পরিবার আর্থিকভাবে স্বচ্ছলতা পেয়েছে। স্বচ্ছলতার সাথে তাদের সংসার চলছে। পাশাপাশি তিনি নিজেও এখন আরও স্বাবলম্বি হতে পেরেছেন।

নাঈম হাসান জানান, যুবকরা এ ধরনের উদ্যেগ নিয়ে সহজেই স্বাবলম্বী হতে পারেন। শুধু মাল্টার বাগান না, ছোট ছোট বিভিন্ন খামার করেও যুবকরা স্বাবলম্বী হতে পারেন। এখন অনেকেই গরুর খামার, হাস-মুরগীর খামার, মাছের খামার করে স্বাবলম্বী হচ্ছেন।

তিনি জানান, চাকরির পেছনে ঘুরে সময় নষ্ট করে না করেতে। একটু বুদ্ধি করে পরিশ্রম করলেই আর্থিকভাবে স্বাবলম্বী হওয়া যায়।

গাংনীর বামন্দী-বালিয়াঘাট সড়কে যান চলাচল বন্ধ

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী-বালিয়াঘাট সড়ক দীর্ঘ এক যুগেও সংস্কার না হওয়ায় সড়কে যান চলাচল বন্ধ হয়ে গেছে।

এ কারণে ঐ অঞ্চলের লক্ষাধিক মানুষ চরম বিপাকে পড়েছে। দ্রত সময়ের মধ্যে সংস্কার করে আবারও চলাচলে উপযোগী করে তোলার দাবি এলাকাবাসির।

জানা গেছে, প্রায় দুই বছর পূর্বে ১ কোটি ৫ লাখ টাকা ব্যয়ে বামন্দী কাজিপুর সড়কের টেন্ডার পায় চুয়াডাঙ্গা জেলার জীবননগর এলাকার মেসার্স জাকাউল্লাহ এন্ড ব্রাদার্স।

এলজিইডি কর্তৃপক্ষ কার্যাদেশ দিতে গড়িমশি করার কারণে ঠিকাদার জাকাউল্লাহ হাইকোর্টে মামলা দায়ের করেন। মামলায় ঠিকাদারের পক্ষে থাকলেও এলজিইডি কর্তৃপক্ষ আপিল করার কারণে মামলাটি ঝুলে রয়েছে বলে দাবি ঠিকাদারি প্রতিষ্ঠানের।

স্থানীয়রা জানান, বামন্দী-বালিয়াঘাট সড়কে সব ধরনের গাড়ী চলাচল বন্ধ রয়েছে। একারণে কৃষকরা তাদের উৎপাদিত পণ্য বাজারে নিতে পারছেনা। কাজিপুর বালিয়াঘাট অঞ্চলের লাখো মানুষকে দেবিপুর হয়ে বামন্দী সহ বিভিন্ন জেলায় যাতায়াত করতে হচ্ছে। একদিকে সময় নষ্ট হচ্ছে অপরদিকে বাড়তি ভাড়াও গুনতে হচ্ছে সাধারণ মানুষকে।

কয়েকজন অটোবাইক চালক জানান, বামন্দী-বালিয়াঘাট সড়কে সব ধরনের গাড়ী চলাচল বন্ধ থাকায় তারা সংসার পরিজন নিয়ে কষ্টে আছেন। তাই দ্রত সময়ের মধ্যে সড়ক পূর্ণ নির্মাণের দাবি করেন তারা।

স্থানীয় ইউপি সদস্য আসাদুল ইসলাম জানান, বামন্দী-বালিয়াঘাট সড়কে চলতে গিয়ে গত দু মাসে অন্তত শতাধিক দূর্ঘটনা ঘটেছে। দূর্ঘটনায় পঙ্গুত্ব বরণ করেছে অন্তত ৫০ জন। জন প্রতিনিধি হয়ে জনগণের কষ্ট দাঁড়িয়ে দেখা ছাড়া কোন উপায় নেই। তিনি সাময়িক ভাবে চলাচলের জন্য ইটবালি দিয়ে উপযোগি করে গড়ে তোলার দাবি করেন।

বামন্দী ইউপি চেয়ারম্যাম শহিদুল ইসলাম বিশ্বাসের সাথে এ বিষয়ে কথা বলতে গেলে তার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে তিনি রিসিভ করেননি।

গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ শেখ জানান, মামলাটি দ্রুত নিস্পত্তি করে সড়ক সংস্কারের চেষ্টা চলছে। আসা করা যাচ্ছে আগামী দু এক মাসের মধ্যে কাজ শুরু করা হবে। এ বিষয়ে মেহেরপুরের নির্বাহী প্রকৌশলী মো: আছাদুজ্জামানের সরকারি মোবাইল ফোনে কল দেয়া হলে তিনি রিসিভ করেনি।

মামলার বাদী ঠিকাদার জাকাউল্লাহ জানান, চলতি মাসের ৩০ তারিখে মামলার দিন ধার্য আছে। ধার্য তারিখে মামলাটি নিস্পত্তি করার চেষ্টা করা হবে।

সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান জানান, ঠিকাদার ও এলজিইডি কর্তৃপক্ষের সাথে আলোচনা করা হয়েছে। আশা করছি চলতি মাসের ৩০ তারিখে মামলার সমাধান হবে। সমাধান হওয়া মাত্রই কাজ শুরু করা হবে।

অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতের দাবি জনসাধারণের

আজ ২৮ সেপ্টেম্বর ‘আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস’। ২০০২ সাল থেকে ‘আন্তর্জাতিক জানা অধিকার দিবস’ পালন করা হলেও মূলত ২০১৫ সালের নভেম্বর মাসে ইউনেস্কো এ দিবসের স্বীকৃতি দেয়। ২০১৬ সালের ২৮ সেপ্টেম্বর থেকে প্রতিবছর ‘আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস’ পালন হয়ে আসছে।

তথ্য অধিকার নিশ্চিত করতে ২০০৯ সালে দেশে ‘তথ্য অধিকার আইন - ২০০৯’ নামে একটি আইন পাশ করা হয়। আইনের ৪ ধারায় বলা হয়েছে, কর্তৃপক্ষের নিকট হইতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার থাকিবে এবং কোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কতৃপক্ষ তাহাকে তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

কৃষকের উন্নত বীজ বা সারের তথ্য জানা অধিকার আছে, গ্রেপ্তার করতে হলে আসামির গ্রেপ্তারের কারণ জানার অধিকার, একই ভাবে নির্যাতিত নারীর আইনি সহায়তা পাওয়ার তথ্য, সবাই কিন্তু তথ্য অধিকারের অন্তর্ভুক্ত। তথ্য অধিকার নিশ্চিত করা গেলে অসম ও অমানবিক ক্ষমতা বিন্যাসকেও অনেকখানি বদলে ফেলা সম্ভব। একজন সংবাদ কর্মীর তথ্য পেতে বিলম্ব হলে তথ্য সরবরাহে সংশ্লিষ্ট দফতরের বিলম্বিত কারনে খবরের গুরুত্ব কমে যায়। প্রতিটি অফিস আদালতসহ সকল দফতরের তথ্য আপডেট থাকা উচিত।

প্রথম আলো’র মেহেরপুর জেলা প্রতিনিধি আবু সাঈদ বলেন, একটি গণতান্ত্রিক রাষ্ট্রে ও গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করতে হবে। আমরা অনেক সময় কোন তথ্য চাইতে গেলে নানা রকম সমস্যায় পড়ি। আবেদন করে তথ্য নিতে গেলে সময়মত পাইনা। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসে সরকারের কাছে আমার প্রত্যাশা থাকবে অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করা।

গাংনী প্রেস কø◌াবের সাধারণ সম্পাদক ও মাই টিভির জেলা প্রতিনিধি মাহাবুব আলম বলেন, বাংলাদেশে তথ্য অধিকার আইন ২০০৯ এর যথাযথ বাস্তবায়ন হয়নি। সাধারণ জনগণ থেকে শুরু করে গণমাধ্যমের কর্মিরা তথ্য নিতে গিয়ে অনেক হয়রানির স্বিকার হয়। এক সময় তথ্য অধিকার আইন নিয়ে সরকারি ভাবে ক্যাম্পেইন করা হতো। কিন্তু এখন আর এ বিষয়ে তেমন কোন উদ্যোগ দেখা যায় না। সরকারি ভাবে তৃনমূল পর্যায়ে তথ্য অধিকার আইন সম্পর্কে সচেতনতা কার্যক্রম করতে হবে। সেই সাথে সাংবাদিকদের অবাদ তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। তাহলে দেশের অনিয়ম দুর্নীতি অনেকাংশে কমে যাবে।

এ বিষয়ে জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম বলেন, তথ্য অধিকারের কথা বলা হলেও সেটা এখনো বস্তবায়ন হয়নি। “তথ্য অধিকার আইন ২০০৯” কাগজে কলমেই সীমাবদ্ধ আছে।

মেহেরপুর জেলা তথ্য কর্মকর্তা আব্দুল আল মামুন বলেন, আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে জুম কনফারেন্সর আয়োজন করা হয়েছে। সেই সাথে সারাদিন ত্যথ অফিসের গাড়িকে সুসজ্জিত করে জনসচেতনতা মূলক প্রচার করা হবে।

গাংনীর করমদিতে ইসলামী ব্যাংক এর এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের করমদি বাজারে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড এর এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন করা হয়েছে।

রোববার বেলা ১১ টার দিকে একযোগে জুম কনফারেন্সের মাধ্যমে সারাদেশে মোট ৮৪টি শাখার উদ্বোধন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় করমদি বাজারে সপ্তম ইউনিট পর্যায়ে ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর মোশাররফ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও মাহবুব উল আলম।

তিনি জুম অ্যাপের মাধ্যমে একযোগে ৮৪টি এজেন্ট ব্যাংকিং শাখার উদ্বোধন করেন।

এ সময় করমদি এজেন্ট ব্যাংকিং ব্যবস্থাপক জাহাঙ্গীর আলম, এজেন্ট প্রতিনিধি ফিরোজ জাহাঙ্গীর, সাবেক তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন চেয়ারম্যান রেজাউল হক, জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলীসহ এলাকার বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।